# বাংলাদেশ কৃষি ব্যাংক

**আইসিটি সিস্টেমস্,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ**

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন

৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।


মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

প্রকা/আইসিটি(সিস্টেমস)/২১(০১)/২০২০-২০২১/১৫৬ তারিখঃ ২১-০৭-২০২০

বিষয়ঃ **কোভিড-১৯ বা নভেল করোনা ভাইরাস প্রতিরোধে করনীয় সম্পর্কে বিশেষ নির্দেশনা।**

কোভিড-১৯ বা নভেল করোনাভাইরাস সংক্রমণের প্রতিরোধকল্পে গত ১৯-০৩-২০২০ ইং তারিখে বাংলাদেশ কৃষি ব্যাংকের মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে প্রধান কার্যালয়ে এক জরুরী সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়গণ, মহাব্যবস্থাপক, আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগসহ প্রধান কার্যালয়স্থ সকল বিভাগের বিভাগীয় প্রধানগণের উপস্থিতিতে উদ্ভূত পরিস্থিতি এবং সংকট মোকাবেলায় নিম্নরূপভাবে "কোভিড-১৯ প্রতিরোধ কেন্দ্রীয় কমিটি" পুনর্গঠন করা হয়েছেঃ

**"কোভিড-১৯ প্রতিরোধ কেন্দ্রীয় কমিটি"**

| ক্রমঃ | পদবী ও বিভাগ | কমিটিতে পদবী |
|---|---|---|
| ০১. | উপ-ব্যবস্থাপনা পরিচালক-১<br>বাংলাদেশ কৃষি ব্যাংক | সভাপতি |
| ০২. | উপ-ব্যবস্থাপনা পরিচালক-২<br>বাংলাদেশ কৃষি ব্যাংক | সদস্য |
| ০৩. | উপ-ব্যবস্থাপনা পরিচালক-৩<br>বাংলাদেশ কৃষি ব্যাংক | সদস্য |
| ০৪. | মহাব্যবস্থাপক<br>প্রশাসন মহাবিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা | সদস্য |
| ০৫. | মহাব্যবস্থাপক<br>আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা | সদস্য |
| ০৬. | সিনিয়র স্বাস্থ্য উপদেষ্টা<br>বিকেবি, প্রকা, ঢাকা | সদস্য |
| ০৭. | উপ-মহাব্যবস্থাপক<br>আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা | সদস্য |
| ০৮. | উপ-মহাব্যবস্থাপক<br>শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা | সদস্য |
| ০৯. | উপ-মহাব্যবস্থাপক<br>হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-১, বিকেবি, প্রকা, ঢাকা | সদস্য |
| ১০. | উপ-মহাব্যবস্থাপক<br>প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা | সদস্য সচিব |

২.০। "কোভিড-১৯ প্রতিরোধ কেন্দ্রীয় কমিটি" এর ১৩-০৭-২০২০ তারিখে এক জরুরী সভা অনুষ্ঠিত হয়। সভায় বিস্তারিত আলোচনাক্রমে গত ১৯-০৩-২০২০ তারিখে পত্র সূত্র নং- প্রকা/আইসিটি(সিস্টেমস)/২১(০১)/২০১৯-২০২০/১৯৪৯, মূলে জারিকৃত নির্দেশনা সমূহের পাশাপাশি সকলের পরিপালনের জন্য নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

২.১ সকল কর্মকর্তা-কর্মচারীদের মাস্ক ব্যবহার করা বাধ্যতামূলক। তাপমাত্রা মাপার জন্য ব্যাংকে তাপমাত্রা পরিমাপকারী যন্ত্র রাখতে হবে। কেবলমাত্র স্বাভাবিক শারীরিক তাপমাত্রা সম্পন্ন কর্মকর্তা-কর্মচারী ও গ্রাহকগণই মাস্ক পরিধান করে শাখা/কার্যালয়ের অভ্যন্তরে প্রবেশ করতে পারবেন।

২.২ ঘর হতে বের হবার পূর্বে ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী যেমন মাস্ক, হ্যান্ড গ্লাভস, ক্যাপ ইত্যাদি পরিধান করতে হবে।

২.৩ নিয়মিতভাবে সাবান-পানি ব্যবহার করে হাত ধুয়ে নিন অথবা ৭০% এলকোহলযুক্ত জীবাণুনাশক (Sanitizer) দিয়ে হাত পরিষ্কার করতে হবে। কাজের মাঝেও সাবান-পানি/স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করার অভ্যাস করবেন।

২.৪ কর্মকর্তা-কর্মচারীদের ব্যক্তিগত সুরক্ষার প্রতি নজর রাখতে হবে। হাঁচি বা কাঁশির সময় নাক ও মুখ টিস্যু বা কনুই দিয়ে ঢাকতে হবে।

২.৫ কম্পিউটার, কাউন্টিং মেশিন, ক্যাশ কাউন্টার, এটিএম, বসার জায়গা ইত্যাদি নিয়মিত পরিষ্কার ও জীবাণুমুক্ত করতে হবে। নিয়মিত শাখা/কার্যালয়ের ময়লা পরিষ্কার করতে হবে এবং ময়লা ফেলার বিন যেন ঢাকনা যুক্ত হয় সেদিকে খেয়াল রাখতে হবে।

২.৬ ব্যাংক ভবন পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে এবং এটিএম ব্যবহারের সময় নিরাপদ দূরত্ব বজায়ের ব্যবস্থা গ্রহন করতে হবে।

২.৭ প্রধান কার্যালয়, বিভাগীয় ও আঞ্চলিক কার্যালয় পর্যায়ে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে সভা পরিচালনায় উৎসাহ প্রদান করতে হবে।

২.৮ শিশু, বয়ঃবৃদ্ধ বা সন্দেহজনক উপসর্গধারী গ্রাহকগণকে ব্যাংকে না আসার জন্য পরামর্শ প্রদান করতে হবে।

২.৯ পাবলিক টয়লেটগুলো ও ঘন ঘন সংস্পর্শে আসা জায়গা নিয়মিত জীবাণুনাশক দিয়ে ভালভাবে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে।

২.১০ অফিসে খাবার বা নামাজের সময় পর্যাপ্ত দূরত্ব বজায় রাখতে হবে। খাবার সময়ে নিজস্ব থালা-বাসন, গ্লাস ব্যবহার করতে হবে।


২.১১ কাজের সময় একে অপরের নিকট সংস্পর্শ আসা থেকে বিরত থাকবেন। গ্রাহকের সাথে কমপক্ষে ১ মিটার বা তার বেশি দূরত্ব বজায় রাখতে হবে এবং কথোপকথন সংক্ষিপ্ত করতে হবে।


২.১২ প্রযোজ্য ক্ষেত্রে যাত্রী পরিবহনের আগে ব্যাংকের গাড়ির অভ্যন্তরীণ সবকিছুই (দরজার হাতল, হ্যান্ডেল, স্টিয়ারিং হুইল, সিট) প্রতিদিন নিয়মিতভাবে পরিষ্কার ও জীবাণুমুক্ত করতে হবে।

২.১৩ কারো সন্দেহজনক উপসর্গ যেমন জ্বর, কাশি ইত্যাদি থাকলে তা অবশ্যই কর্তৃপক্ষকে অবহিত করতে হবে এবং সন্দেহজনক ব্যক্তি অবশ্যই যথাসময়ে চিকিৎসাসেবা গ্রহণ করবে। প্রয়োজনে স্বাস্থ্য অধিদপ্তরের হটলাইন নম্বর ১৬২৬৩ (স্বাস্থ্য বাতায়ন), ৩৩৩ অথবা IEDCR এর হটলাইন নম্বরসমূহে ০১৯৪৪৩৩৩২২২, ০১৯৩৭০০০০১১, ০১৯৩৭১১০০১১, ০১৯২৭৭১১৭৮৪, ০১৯২৭৭১১৭৮৫ যোগাযোগ করতে হবে।

বিষয়ঃ কোভিড-১৯ বা নভেল করোনা ভাইরাস প্রতিরোধে করনীয় সম্পর্কে বিশেষ নির্দেশনা।

২.১৪ সহজে নজরে আসে এমন স্থানে স্বাস্থ্য সম্পর্কিত নিম্নোক্ত পরামর্শসমূহ (কপি সংযুক্ত) টানিয়ে দিতে হবে এবং ব্যাংকে আগত গ্রাহকগণকে কোভিড-১৯ এবং অন্যান্য সংক্রামক রোগের ধরণ ও প্রতিরোধ সম্পর্কিত বার্তাসমূহ প্রচার করতে হবে।







২.১৫ বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীদেরকে করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে সচেতন থাকতে হবে। এক্ষেত্রে স্বাস্থ্য অধিদপ্তর, IEDCR সহ অন্যান্য সরকারী নির্দেশনা মেনে ব্যক্তিগত স্বাস্থ্য সচেতনতা বজায় রাখতে হবে।

৩.০ অতীতে প্রতিকূল পরিস্থিতি মোকাবেলায় আপনার দক্ষতাগুলোর কথা স্মরণ করুন। সেই অভিজ্ঞতার আলোকে করোনা ভাইরাস সংক্রমণ এর সময় আপনার মানসিক চাপ কমাতে পূর্বের দক্ষতাকে কাজে লাগিয়ে কর্মক্ষেত্রে যথাযথভাবে দায়িত্ব পালন করুন।

27/07/2020

(মোঃ আফজাল করিম)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
ও
সভাপতি
"কোভিড-১৯ প্রতিরোধ কেন্দ্রীয় কমিটি"

প্রকা/আইসিটি(সিষ্টেমস)/২১(০১)/২০২০-২০২১/১৫৬ তারিখঃ ২১-০৭-২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার উপ-ব্যবস্থাপনা পরিচালক-১,২,৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। স্টাফ অফিসার, অধ্যক্ষ মহোদয়ের দপ্তর, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়/ সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। ব্যবস্থাপক, সকল শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। নথি/ মহানথি।

Rosuid 27.7.2020

(মোঃ মামুনুর রশীদ)
উপ-মহাব্যবস্থাপক
প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগ (অতিঃ দাঃ)
ও
সদস্য-সচিব, "কোভিড-১৯ প্রতিরোধ কেন্দ্রীয় কমিটি"

# করোনা ভাইরাস!!!!


## "প্রতিরোধ নিরাময়ের চেয়ে উত্তম"

## কিভাবে ছড়ায়?

- মূলত বাতাসের Air Droplet এর মাধ্যম ।
- হ্যাঁচি ও কাশির ফলে ।
- আক্রান্ত ব্যক্তিকে স্পর্শ করলে।
- ভাইরাস আছে এমন কোন কিছু স্পর্শ করে হাত না ধুয়ে মুখে নাকে বা চোখে লাগালে।
- পয়নিষ্কাশন ব্যবস্থার মাধ্যমেও ছড়াতে পারে।

## লক্ষণঃ

- সর্দি, কাশি জর, মাথাব্যথা, গলাব্যথা।
- মারাত্মক পর্যায়ে অজ্ঞান হয়ে যাওয়া।
- শিশু, বৃদ্ধ ও কম রোগ-প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন ব্যক্তিদের নিউমোনিয়া ও ব্রঙ্কাইটিস।



## প্রতিরোধ ঃ

### এখনও ভ্যাকসিন আবিষ্কার না হওয়ায় বিস্তার রোধের প্রতিরোধের উপায়।

- মাঝে মাঝে সাবান দিয়ে হাত ধোয়া অথবা স্যানিটাইজার ব্যবহার করা।
- হাত না ধুয়ে মুখ, চোখ ও নাক স্পর্শ না করা।
- হাঁচি, কাশি দেওয়ার সময় শিষ্টাচার বজায় রাখা।
- ঠান্ডা বা ফ্লু আক্রান্ত ব্যক্তির সাথে না মেশা।
- সামাজিক দূরত্ব বজায় রাখা।
- মাংস ডিম খুব ভাল ভাবে রান্না করা।
- বন্য জন্তু কিংবা গৃহপালিত পশুকে খালি হাতে স্পর্শ না করা।
- ঘরের বাহিরে বা অফিসে মুখে মাস্ক ব্যবহার করা।

## হাত কখন কখন ধুতে হবেঃ

- হাঁচি কাশি দেওয়ার পর।
- রোগীর শুশ্রুষা করার পর।
- খাবার ও খাবার প্রস্তুত করার আগে ও পরে।
- টয়লেট করার পর।
- যখনই হাত ময়লা হয়।
- পশুপাখি কিংবা পশুপাখির মল স্পর্শ করার পর।

**লক্ষণ দেখা দিলে বাড়িতে বিশ্রাম নিয়ে প্রচুর পানি পান করতে হবে এবং নিকটস্থ হাসপাতালে চিকিৎসকের পরামর্শ নিতে হবে।**

জরুরি প্রয়োজনে যোগাযোগ করুন

আই,ই,ডি,সি,আরঃ ০১৭০০-৭০৫৭৩৭

স্বাস্থ্য বাতায়নঃ ১৬২৬৩, ৩৩৩, ১০৬৫৫

সূত্রঃ IEDCR,স্বাস্থ্য অধিদপ্তর।

বাংলাদেশ কৃষি ব্যাংক
Bangladesh Krishi Bank
গ্রামবাংলার গণমানুষের ব্যাংক

# করোনা-ভাইরাস সতর্কতা

## গ্রাহকদের প্রতি অনুরোধ

- জ্বর, সর্দি, কাশি থাকলে ব্যাংকে প্রবেশ করা থেকে বিরত থাকুন
- মাস্ক ছাড়া ব্যাংকে প্রবেশ করা থেকে বিরত থাকুন
- ব্যাংকে প্রবেশের পূর্বে ভালভাবে হাত ধুয়ে নিন
- করমর্দন/হ্যান্ডশেক করা থেকে বিরত থাকুন
- দূরত্ব বজায় রাখুন এবং মুখোমুখী কথা বলবেন না
- শৃঙ্খলার সাথে দাঁড়িয়ে পরস্পরের মাঝে অন্তত "৩ ফুট" দূরত্ব বজায় রাখুন
- সকল ধরনের স্পর্শ এড়িয়ে চলুন
- দ্রুত সেবা নিয়ে ব্যাংক ত্যাগ করুন
- স্বাস্থ্যবিধি মেনে চলুন, জনসমাগম এড়িয়ে চলুন

**আপনার "হাতেই" আমাদের সকলের সুরক্ষা**

যার যার অবস্থান থেকে করোনা-ভাইরাস মোকাবেলায় জাতিকে সহায়তা করুন

জরুরি প্রয়োজনে যোগাযোগ করুন
আই,ই,ডি,সি,আরঃ ০১৭০০-৭০৫৭৩৭
স্বাস্থ্য বাতায়নঃ ১৬২৬৩, ৩৩৩, ১০৬৫৫
সূত্র: IEDCR,স্বাস্থ্য অধিদপ্তর।

বাংলাদেশ কৃষি ব্যাংক
Bangladesh Krishi Bank
গ্রামবাংলার গণমানুষের ব্যাংক



ব্যাংকে প্রবেশের
সময় করনীয়
হ্যান্ড স্যানিটাইজার
ব্যবহার করুন
মুখমন্ডলে মাস্ক
ব্যবহার করুন
নিরাপদ দূরত্ব
বজায় রাখুন
সচেতন হই, নিজেকে নিরাপদ রাখি
অন্যকেও নিরাপদে রাখি
জরুরি প্রয়োজনে যোগাযোগ করুন
আই,ই,ডি,সি, আরঃ ০১৭০০-৭০৫৭৩৭
স্বাস্থ্য বাতায়নঃ ১৬২৬৩, ৩৩৩, ১০৬৫৫
বাংলাদেশ কৃষি ব্যাংক
Bangladesh Krishi Bank